দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 FEB 2016
পৃষ্ঠা ৮ কলাম ৬

# চাটমোহরের স্কুলশিক্ষক বদলি বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ

## স্কুল ড্রেস না পরায় ছাত্রীকে পিটিয়ে হাসপাতালে

■ চাটমোহর (পাবনা) সংবাদদাতা

পাবনার চাটমোহরে স্কুল ড্রেস পরে ক্লাসে না আসায় শিক্ষকের বেত্রাঘাতে ছাত্রীর হাসপাতালে ভর্তি ঘটনার তদন্ত শেষে গত মঙ্গলবার অভিযুক্ত শিক্ষককে শাস্তিমূলক বদলি করা হয়েছে। একই সঙ্গে তদন্ত কমিটি সুপারিশ করেছে ঐ শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্যে। গত শনিবার স্কুল ড্রেস পরে ক্লাসে না আসায় উপজেলার বিলচলন ইউনিয়নের রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহীনুর ইসলাম শাহীন উপর্যুপরি বেত্রাঘাত করলে একই উপজেলার দোলং গ্রামের সুরুজ আলীর মেয়ে পঞ্চম শ্রেণির ছাত্রী রজনী খাতুন গুরুতর আহত হয়। ওইদিনই ছাত্রীর স্বজনরা তাকে চাটমোহর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এ বিষয়ে অভিযোগ পাওয়ার পর একটি তদন্ত কমিটি গঠন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শেহেলী শায়লা। তদন্ত কমিটির সদস্য উপজেলা সহকারী শিক্ষা অফিসার ফারহানা খান বলেন, স্কুল পরিদর্শন করে অভিযোগের সত্যতা মিলেছে। চাটমোহর হাসপাতালে চিকিৎসাধীন শিক্ষার্থী রজনীর সঙ্গে সাক্ষাৎ করেছি। তার পায়ে বেত্রাঘাত করা হয়েছে। সরকারিভাবে সিদ্ধান্ত রয়েছে, কোনো শিক্ষার্থীকে প্রহার করা যাবে না। চাটমোহর উপজেলা শিক্ষা কর্মকর্তা আবুল বাসার মোহাম্মদ শামসুজ্জামান জানান, শিক্ষক শাহীনুর ইসলাম শাহীনকে শাস্তিমূলক বদলি করা হয় উপজেলার চরনবীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্যও সুপারিশ করা হয়েছে।

এদিকে শিক্ষকের বেত্রাঘাতে আহত শিক্ষার্থী রজনীর পাশে দাঁড়িয়েছেন পুবালী ব্যাংক লিমিটেডের পরিচালক সৈয়দ মোয়াজ্জেম হোসেন। মঙ্গলবার তার নির্দেশে পুবালী ব্যাংক পাবনা শাখার ম্যানেজার আবু জাফর মো. রকিবুল্লাহ রজনীদের বাড়িতে গিয়ে মেয়েটির খোঁজ-খবর নেন। ব্যাংকের পক্ষ থেকে তার পোশাকসহ শিক্ষা উপকরণ ও কিছু নগদ অর্থ সহায়তা দেয়া হয়। রজনীর লেখাপড়ার জন্য আর্থিক সহায়তারও আশ্বাস দেন ওই কর্মকর্তা।